কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি
মুক্তারাম (ত্রিমোহনী), কুড়িগ্রাম।
www.pbs.kurigram.gov.bd

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

নম্বর ২৭.১২.৪৯৫২.৫৫০.০২.০০৮.১৯.৫৬০৩

তারিখ ১৩ পৌষ ১৪২৬
২৮ ডিসেম্বর ২০১৯

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি (সংশোধিত)**

কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতির নিম্নবর্ণিত শূন্য পদে পদোন্নতির মাধ্যমে লোকবল নিয়োগের সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ এবং ৩০০-৫১ এবং কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতির কর্মচারী চাকুরী বিধি-১৯৯২ (সংশোধিতঃ২০১২) অনুযায়ী পদোন্নতির জন্য যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত ওয়্যারিং পরিদর্শক, মিটার টেষ্টারগণের নিকট হতে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (A4 সাইজের কাগজে) স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

পদের নামঃ পাওয়ার ইউজ কো-অর্ডিনেটর/সদস্য সেবা কো-অর্ডিনেটর।

প্রার্থীর যোগ্যতাঃ

ক) ওয়্যারিং পরিদর্শক হিসেবে যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে ন্যূনতম ১০(দশ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।

অথবা

ডিপ্লোমা ইন ইলেকট্রিক্যাল/পাওয়ার ইঞ্জিনিয়ারিং ডিগ্রী প্রাপ্তদের ওয়্যারিং পরিদর্শক হিসেবে যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে ন্যূনতম ০৫
বৎসরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

খ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

গ) ওয়্যারিং সংক্রান্ত মালামাল এবং প্রয়োজনীয় যন্ত্রাংশ সম্পর্কে জ্ঞান ও দক্ষতা থাকতে হবে।

ঘ) বিগত ০৩(তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়ন এর রেটিং নূন্যতম ৩.৫০ থাকতে হবে।

ঙ) পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ এবং ৩০০-৫১ অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে সকল শর্তসমূহ পূরণ হতে হবে।

পদের নামঃ মিটার মেকানিক কাম-সুপারভাইজার

প্রার্থীর যোগ্যতাঃ

ক) প্রার্থীর ন্যূনতম ০৭(সাত) বছর বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

খ) বিলিং কম্পিউটার, সার্ভার ও অন্যান্য ইকুইপমেন্ট পরিচালনায় সামর্থ থাকতে হবে।

গ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে।

ঘ) পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ এবং ৩০০-৫১ অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে সকল শর্তসমূহ পূরণ হতে হবে।

ঙ) বর্তমান পদে সর্বশেষ ০৩(তিন) বছরের কর্মমূল্যায়নের রেটিং নূন্যতম ৩.৫০ থাকতে হবে।

চ) বৈদ্যুতিক মিটার পরীক্ষায় পারদর্শী হতে হবে।

ছ) দক্ষতা উন্নয়নের জন্য স্বতঃস্ফুর্তভাবে কাজ করার মানসিকতা থাকতে হবে।

আবেদন করার পদ্ধতিঃ

বর্ণিত পদ সমূহে নিয়োগ লাভে আগ্রহী এবং সংশ্লিষ্ট নির্দেশিকার আলোকে যোগ্যতা সম্পন্ন প্রার্থীদেরকে খামের উপরে পদের নাম

উল্লেখ করে সাদা কাগজে স্ব-হস্তে বাংলায় (ক) নিজের নাম (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ ও (ঠ) চাকুরীতে নিয়মিতরণের তারিখ উল্লেখ পূর্বক আবেদন করতে হবে। পদোন্নতির ক্ষেত্রে জেলার কোটা প্রযোজ্য হবে না। তবে অত্র সমিতির ভৌগলিক এলাকার (অর্থাৎ কুড়িগ্রাম, রাজারহাট, উলিপুর, চিলমারী, নাগেশ্বরী, ফুলবাড়ী, ভূরুঙ্গামারী, লালমনিরহাট, আদিতমারী, কালিগঞ্জ (আংশিক) উপজেলার স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নেই।

<u>আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ</u>

সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০২(দুই) কপি সত্যায়িত রঙ্গিন ছবি, সর্বশেষ ০৩(তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি, পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রশিক্ষণে উত্তীর্ণের ফলাফলের সত্যায়িত কপি, বর্তমান পদে যোগদান ও নিয়মিত করণ সংক্রান্ত পত্রের ফটোকপি (সকল ফটোকপি বর্তমানে কর্মরত পবিসের এজিএম এইচআর/প্রশাসন কর্তৃক সত্যায়িত হতে হবে), সকল শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের এবং জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি, ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/সিটি মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের কপি সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত বিগত ০৫(পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থার বিবরণ (যদি থাকে) এবং বর্তমানে কোন তদন্ত প্রক্রিয়াধীন/ফৌজদারী মামলা চলমান আছে কি-না তা উল্লেখ পূর্বক বিনা আপত্তির সনদ ও পদোন্নতির সুস্পষ্ট সুপারিশ সম্বলিত আবেদনপত্র সহ প্রার্থীগণ-কে আগামী ০৪-০১-২০২০খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, মুক্তারাম (ত্রিমোহনী), কুড়িগ্রামে স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

<u>শর্তাবলীঃ</u>

০১।	সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-২৪ মোতাবেক যে সকল প্রার্থী নিম্নবর্ণিত ভাবে (ক থেকে জ পর্যন্ত) দন্ড প্রাপ্ত হয়েছেন তাদের আবেদন করার প্রয়োজ নেই। (ক) সর্বশেষ ০৩ (তিন) বছরের মধ্যে কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছে। (খ) সর্বশেষ ০১ (এক) বছরের মধ্যে কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন। (গ) বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন। (ঘ) বিগত ০৪ (চার) বছরের ভিতর একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন। (ঙ) বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন। (চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন। (ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন থাকলে তিনি পদোন্নতির জন্য বিবেচিত হবে না। (জ) কোন কর্মচারীর বিরুদ্ধে দপ্তর কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান থাকলে তিনি পদোন্নতির জন্য বিবেচিত হবেন না।
০২।	অত্র পবিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারী কিংবা সমিতি বোর্ড পরিচালক/মহিলা পরিচালক বৃন্দের স্বামী/স্ত্রী এবং তাদের রক্ত সম্পর্কীয় এমন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।
০৩।	বর্ণিত পদসমূহের বিপরীতে যে যে ঠিকানায় নিয়োগপ্রাপ্ত হয়েছেন, বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে উক্ত ঠিকানাই স্থায়ী ঠিকানা হিসেবে গণ্য হবে।
০৪।	নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য “চলতি দায়িত্ব” নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্ব থাকাকালীন কাজের মান সন্তোষজনক এবং সংশোধিত পবিস নির্দেশিকা এবং কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশেধিত-২০১২) অনুযায়ী যা প্রযোজ্য সে সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকতে হবে।
০৫।	চলতি দায়িত্বে থাকাকালীন সর্বশেষ এলপিসি মোতাবেক বেতন ভাতাদি প্রদান করা হবে।

০৬।	তথ্য গোপন করে যদি কেউ নিয়োগ প্রাপ্ত হন, তবে তাকে কোনরূপ তদন্ত ব্যতিরেকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
০৭।	বর্ণিত পদে প্রার্থীকে পদোন্নতি/নিয়োগ প্রদান করা হলে তিনি তা বাতিলের জন্য আবেদন করতে পারবেন না।
০৮।	নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
০৯।	যে কোন আবেদন পত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা অত্র পবিসের কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত এবং নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
১০।	শর্তাবলীতে উল্লেখ নেই এমন কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৩০-১২-২০১৯

স্বদেশ কুমার ঘোষ

জেনারেল ম্যানেজার

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) নির্বাহী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

২) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উত্তর অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৩) পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর , বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবোর ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধ করা হল)।

৫) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার---------------১/২/৩/৪। সকল পবিস (যোগ্যতা সম্পন্ন প্রার্থীদেরকে অবহিত করনসহ তাহাদের আবেদন পত্র সুপারিশ সহ প্রেরনের জন্য অনুরোধ করা হল)।

৬) ডেপুটি জেনারেল ম্যানেজার, নাগেশ্বরী/লালমনিরহাট/ উলিপুর/ভূরুঙ্গামারী/কারিগরী সদর দপ্তর।

৭) এজিএম, আদিতমারী সাব-জোনাল অফিস।

৮) নোটিশ বোর্ড।

৯) অফিস কপি/মাষ্টার কপি